গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moefcc.gov.bd

স্মারক নম্বর- ২২.০০.০০০০.০০০.০৫১.১১.০০০৫.২৫.৭০৪

তারিখ: ২২ মাঘ ১৪৩২ / ০৫ ফেব্রুয়ারি ২০২৬

# নিয়োগপত্র

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ০৫ নভেম্বর ২০২৫ তারিখের ২২.০০.০০০০.০০০.০৫১.১১.০০০৫.২৫.৪৫৭ সংখ্যক স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশের আলোকে এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীগণকে **'অফিস সহায়ক'** এর স্থায়ী শূন্য পদে জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী বেতনক্রম ৮২৫০-২০০১০/- এর ৮২৫০/- প্রারম্ভিক বেতন ও প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ করা হলো:

| ক্রমিক নং | মেধাক্রম | রোল নম্বর | প্রার্থীর নাম, পিতার নাম ও স্থায়ী ঠিকানা | নিজ জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | ১ | 1302251 | প্রার্থীর নাম- প্রনব চন্দ্র বৈষ্ণব,<br>পিতার নাম- ধরনী কান্ত বৈষ্ণব<br>গ্রাম: মুছাপুর, ডাকঘর: পাহাড়পুর-৩০৬০, শাল্লা, সুনামগঞ্জ | সুনামগঞ্জ |
| ২ | ২ | 1303992 | প্রার্থীর নাম- জয়চন্দ্র সূত্রধর<br>পিতার নাম- সুবল চন্দ্র সূত্রধর<br>গ্রাম: চকনারায়নপুর, ডাকঘর: মনতলা হাট-২২১০, মুক্তাগাছা, ময়মনসিংহ | ময়মনসিংহ |
| ৩ | ৩ | 1301257 | প্রার্থীর নাম- মাহফুজা আক্তার<br>পিতার নাম- নূরুল ইসলাম<br>গ্রাম: পাটুয়াভাঙ্গা, ডাকঘর: পাটুয়াভাঙ্গা-২৩২৬, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ |
| ৪ | ৪ | 1300143 | প্রার্থীর নাম- মোঃ ফখরুল ইসলাম সরকার<br>পিতার নাম- মোঃ বাচ্চু মিয়া<br>গ্রাম: পশ্চিম চন্ডিপুর, ডাকঘর: অলুয়া-৩৫৩১, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা | কুমিল্লা |
| ৫ | ৫ | 1305316 | প্রার্থীর নাম- মোঃ হাবিবুর রহমান<br>পিতার নাম- মোঃ আব্দুর ছাকি<br>গ্রাম: দক্ষিণ শিবপুর, ডাকঘর: আউলিয়াগঞ্জ-৫৪৩০, বদরগঞ্জ, রংপুর | রংপুর |
| ৬ | ৬ | 1303646 | প্রার্থীর নাম- মোঃ রাসেল<br>পিতার নাম- আব্দুল জলিল<br>গ্রাম: মলুহার, ডাকঘর: মলুহার-৮২৯০, বানারীপাড়া, বরিশাল | বরিশাল |
| ৭ | ৭ | 1302218 | প্রার্থীর নাম- মাজেদুল ইসলাম<br>পিতার নাম- শিহাব উদ্দিন<br>গ্রাম: আনালিয়া বাড়ী (প্রমাণিক বাড়ী), ডাকঘর: মগড়া-১৯৭৪,কালিহাতি, টাঙ্গাইল। | টাঙ্গাইল |
| ৮ | ৮ | 1300035 | প্রার্থীর নাম- মোহাম্মদ ফয়জুর রহমান আব্দুল্লাহ<br>পিতার নাম- মোহাম্মদ ফজলুল হক<br>গ্রাম: চর স্বল্লা, ডাকঘর: রামনাথপুর-২২৫০, ফুলপুর, ময়মনসিংহ | ময়মনসিংহ |

০২। শর্তাবলি :

(ক) চাকুরিতে যোগদানের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছর শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে। শিক্ষানবিশকালে চাকুরি সন্তোষজনক প্রতীয়মান না হলে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতীত চাকুরিচ্যুত করা হবে;

(খ) তাকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসাবে কাজ করতে হবে। প্রয়োজনে সরকার এ শিক্ষানবিশকাল অনূর্ধ্ব দুই বছর বর্ধিত করতে পারবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(গ) শিক্ষানবিশের মেয়াদ চলাকালে সংশ্লিষ্ট কর্মচারীর আচরণ ও কর্ম সন্তোষজনক হওয়া সাপেক্ষে তার চাকরি স্থায়ী করা হবে;

(ঘ) চাকুরিতে যোগদানের পরে দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি পরবর্তীতে অসত্য প্রমাণিত হলে কোনো কারণ দর্শানো ব্যতীত নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

(ঙ) **চাকুরিতে যোগদানের সময় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সনদসহ ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চাকুরির আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের সত্যায়িত কপি জমা প্রদান করতে হবে;**

(চ) যদি কোনো প্রার্থী বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ছ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;

(জ) কোনো শিক্ষানবিশ তার অভিপ্রায় উল্লেখপূর্বক এক মাসের পূর্বে লিখিত নোটিশ প্রদান না করে চাকরি ত্যাগ করতে পারবেন না। এরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে তিনি কর্তৃপক্ষকে তার এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন;

(ঝ) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তার চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারি প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে। এছাড়া, সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তার চাকুরি নিয়ন্ত্রিত হবে;

(ঞ) উল্লিখিত শর্তাবলী তার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২৬ মাঘ ১৪৩২/ ০৯ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ অফিস চলাকালীন (সকাল ০৯.০০ টা হতে ০৫.০০ টার মধ্যে) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ভবন-৬, লেভেল-১৩, বাংলাদেশ সচিবালয়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো। **নির্ধারিত তারিখে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে ধরে নেওয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;**

(ট) চাকুরিতে যোগদানের জন্য কোনো প্রকার ভ্রমণ ভাতা কিংবা অবস্থান ভাতা প্রদান করা হবে না।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৫/০২/২০২৬
(মুনিরা সুলতানা)
যুগ্মসচিব
ফোন: ৫৫১০০৪৭২
ই-মেইল-jsadmin@moefcc.gov.bd

স্মারক নম্বর- ২২.০০.০০০০.০০০.০৫১.১১.০০০৫.২৫.১০৪/১(৭৮) তারিখ: ২২ মাঘ ১৪৩২ / ০৫ ফেব্রুয়ারি ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি :

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, অর্থ বিভাগ , বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন , আগারগাঁও, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। যুগ্মসচিব (প্রশাসন) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। উপদেষ্টার একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
৭। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৯। সিস্টেম এনালিস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১। জনাব/বেগম ..............................................................................।

০৫/০২/২০২৬
(মিল্টন চন্দ্র রায়)
সিনিয়র সহকারী সচিব